গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১১০.১৯.১১৪

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৬
২৫ জুলাই ২০১৯

বিষয়: **রিট পিটিশন নং-১১৫২৪/২০১৮ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২৪.০৯.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: সাজেদুর রহমান, পিতা: জামিয়ের রহমান, প্রভাষক (সাচিবিক বিদ্যা), জলঢাকা বিজনেস ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, গ্রাম: জলঢাকা, থানা: জলঢাকা, জেলা: নীলফামারী এবং অন্যান্য কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১১৫২৪/২০১৮ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে,কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৭২১, তারিখ: ১৩.০৮.২০১৮ মূলে নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন জলঢাকা বিজনেস ম্যানেজমেন্ট ইনস্টিটিউট এর ২য় শিফট-এ শিক্ষক কর্মচারীর এমপিও বাতিল করা হয়। এতে সংক্ষুব্ধ হয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৭২১, তারিখ: ১৩.০৮.২০১৮-কে তর্কিত আখ্যায়িত করে ২য় শিফট-এর এমপিও দাবী করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১১৫২৪/২০১৮ মামলাটি দায়ের করা হয়।

০৩. রিট পিটিশন নং-১১৫২৪/২০১৮ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক বিগত ২৪.০৯.২০১৮ খ্রি: তারিখে নিম্নরূপ আদেশ দেয়া হয়:

*"Subject to disposal of the Rule Nisi, the operation of the Impugned Memo No.57.03.0000.091.20.007.18-721(10) dated 13.08.2018 for canceling the M.P.O of the petitioners (Annexure-J), be stayed for a period of 6(six) months from date."*

০৪. রিট পিটিশন নং-১১৫২৪/২০১৮ মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে ৪ নং রেসপনডেন্টসহ মোট ১৩ (তের) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৫. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রুল নিশি জারীর প্রেক্ষিতে কোন জবাব (*Affidavit in opposition*) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী; এ সকল বিষয়ে প্রমাণকসহ প্রয়োজনীয় তথ্য মামলাটি বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ প্রয়োজন।

০৬. এমতাবস্থায় উপরিউক্ত বিষয়টি বিবেচনাক্রমে রিট পিটিশন নং-১১৫২৪/২০১৮ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে *Affidavit in opposition* দাখিলক্রমে (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আগামী ২৯.০৮.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে তথ্য প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫-৭-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১১০.১৯.১১৪/১(৭)

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৬
২৫ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিস্টেম এ্যানলিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২৫-৭-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)